

Bengali

### video - YHN Website Introduction v3

- 1) হ্যালো, এবং আমাদের ওয়েব সাইটে স্বাগতম ।
- 2) আমরা আমাদের পরিষেবাসমূহকে সকলের ব্যবহারের জন্য সহজ করতে চাই । আমরা আমাদের ওয়েবসাইটের একটি অনুচ্ছেদ বিভিন্ন ভাষায় লিখেছি – আপনি এখন <বাংলা> অংশে আছেন । আমরা আশা করি, এই তথ্য আপনার কাজে আসবে ।
- 3) আমরা নিউ ক্যাসেল সিটি কাউন্সিল-এর পক্ষ থেকে কাউন্সিল বাড়িগুলোর ব্যবস্থাপনা করে থাকি । আমাদের ওয়েবসাইট আপনাকে বলে দেবে আপনি কীভাবে একটি বাড়ি পেতে পারেন এবং একবার একটি বাড়ি পাবার পর আপনার দায়িত্বগুলো কী ।
- 4) আমাদের ওয়েবসাইট আপনাকে বলে দেবে আপনি কীভাবে আপনার ভাড়া পরিশোধ করতে পারেন, কীভাবে মেরামতের কাজে সাহায্য পেতে পারেন এবং কীভাবে সমাজ বিরোধী আচরণ সম্পর্কে সংবাদ জানাতে পারেন । সাইটটি আপনাকে আমাদের প্রদত্ত অন্যান্য পরিষেবা সম্পর্কেও তথ্য প্রদান করবে । এছাড়া এর মাধ্যমে আপনি আমাদের কমিউনিটি হাউজিং অফিসসমূহ সম্পর্কে জানতে পারেন ।
- 5) যদি আপনি এসব তথ্য সম্পর্কিত একটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র দেখতে পছন্দ করেন, তবে আপনি 'নতুন ভাড়াটে- যা আপনার জানা প্রয়োজন' শীর্ষক তথ্যচিত্রটি দেখতে পারেন । এটাও <বাংলা> ভাষাতে অনুবাদ করা হয়েছে । সকল নতুন ভাড়াটে হিসেবে তাদের যাত্রার ঠিক শুরুতে এই চলচ্চিত্র দেখেন, কিন্তু এটা এখন দেখা আপনার জন্য উপকারী হতে পারে কারণ এটা আপনাকে সেসব বিষয় সম্পর্কে জানাবে, যা ভাড়াটে হিসেবে আপনার যাত্রার শুরুতে করা প্রয়োজন । যদি আপনার হাতে সময় কম থাকে, কিন্তু একটি নির্দিষ্ট বিষয় সম্পর্কে আপনার জানার প্রয়োজন হয়, যেমন- ভাড়া পরিশোধকরন, তবে আপনি শুধু চলচ্চিত্রের একটি নির্দিষ্ট অধ্যায় দেখতে পারেন ।
- 6) যদি তথ্যাবলীর কোন একটি আপনি বুঝতে না পারেন তবে চিন্তার কিছু নেই । আপনার স্থানীয় কমিউনিটি হাউজিং অফিসের স্টাফ বিষয়টি আপনাকে ব্যাখ্যা করে দিতে পারেন । তারা ফোনে কিংবা সামনা-সামনি আপনার সাথে কথা বলার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করতে পারে । যদি সহায়ক হয়, তবে আমরা তথ্যাবলীর একটি লিখিত অনুবাদও আপনাকে দিতে পারি ।
- 7) আমরা আপনাকে সাহায্য করতে প্রস্তুত রয়েছি, তাই অনুগ্রহপূর্বক আমাদেরকে বলুন! এবং অনুগ্রহপূর্বক বলুন আমাদের প্রদত্ত তথ্যাবলী আপনার কতটুকু সহায়ক হিসেবে পেয়েছেন এবং কীভাবে এর উন্নতি হতে পারে বলে আপনি মনে করেন ।
- 8) মনে রাখবেন, <বাংলা> তে আমাদের পরিষেবাসমূহ সম্পর্কে আমাদের ওয়েবসাইটে আপনি যে উপায়ে তথ্য পেতে পারেন তা হচ্ছে, সাইটের হোমপেজ থেকে সংশ্লিষ্ট ভাষায় <স্বাগতম> অনুসরণের মাধ্যমে ।
- 9) সাইট পরিদর্শনের জন্য ধন্যবাদ!